

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-৩৩

তারিখঃ ২২/১১/২০১২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সকল তফসিলী ব্যাংক

ও

সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

এক্যুইটি এন্ড অন্ট্র্যাপ্র্যানারশীপ ফাউন্ড (ইইএফ)- মঙ্গুরিকৃত কৃষিখাতে মূলধনী  
যন্ত্রপাতিভিত্তিক প্রকল্পের অনুকূলে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান  
হতে চলতি মূলধন খণ্ড গ্রহণের ক্ষেত্রে অনাপাতি প্রদান প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ে ইইএফ সহায়তাপ্রাপ্ত প্রকল্পের অনুকূলে চলতি মূলধন খণ্ড গ্রহণের ক্ষেত্রে  
ইইএফ সার্কুলার নং ৩১, তারিখ ২২/০৮/২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

বাস্তবতার নিরিখে উক্ত সার্কুলারের কার্যকারিতা এবং মূলধনী যন্ত্রপাতিভিত্তিক কৃষি খাতের প্রকল্পের চলতি মূলধন খণ্ডের প্রয়োজনীয়তার বিষয়টি অধিকতর পর্যালোচনাতে বর্ণিত সার্কুলারের অনুবন্ধিত্বমে এক্ষণে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

- ১) ইইএফ অনুমোদিত কৃষিখাতে মূলধনী যন্ত্রপাতি নির্ভর কোন প্রকল্প ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান হতে চলতি মূলধন খণ্ড গ্রহণ করতে আগ্রহী হলে উক্ত প্রকল্পকে মূল্যায়নকারী সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে আইসিবিঁ'র ইইএফ ডিভিশনে আবেদন করতে হবে । আবেদনপত্রে চলতি মূলধন খণ্ড গ্রহণের প্রয়োজনীয়তা/যৌক্তিকতা, খণ্ডের পরিমাণ, সম্ভাব্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম ও খণ্ড গ্রহণের প্রাথমিক শর্তাবলীর উল্লেখ থাকতে হবে এবং খণ্ড গ্রহণের প্রস্তাব সংশ্লিষ্ট প্রকল্পের পরিচালনা পর্যন্ত কর্তৃক অনুমোদিত হতে হবে । আবেদনপত্রের সাথে কোম্পানীর গঠনকাল হতে আবেদনপত্র দাখিলের সময়কাল (পূর্ববর্তী ত্রৈমাস পর্যন্ত/প্রযোজ্য ক্ষেত্রে সর্বশেষ তিনি বছরের) পর্যন্ত নিরীক্ষিত আর্থিক বিবরণী (লাভ-ক্ষতি হিসাব ও স্থিতিপত্র) দাখিল করতে হবে ।
- ২) ইইএফ সহায়তা মঙ্গুরিকৃত প্রকল্পের স্থায়ী সম্পদ অথবা উদ্যোগস্থানের ব্যক্তিগত সম্পদ এর মধ্যে কোন্টি বন্ধক রেখে চলতি মূলধন খণ্ড গ্রহণ করা হবে তা আবেদনপত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে ।
- ৩) আবেদনপত্র পাণ্ডির পর আইসিবি তা প্রাথমিক যাচাই-বাচাই অন্তে সংশ্লিষ্ট প্রকল্পের সার্বিক বিষয়াদি সরেজমিনে পরিদর্শন করবে ।

- ৮) সরেজমিনে পরিদর্শনাত্তে অনুকূল প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে Debt-Equity Ratio বিশ্লেষণপূর্বক যাচিত চলতি মূলধন খণ্ডের বিপরীতে প্রকৃত চাহিদার পরিমাণ নিরূপণ করা হবে। এ চলতি মূলধন খণ্ডের পরিমাণ মঙ্গুরিকৃত মোট প্রকল্প ব্যয়ের ৫১% এর অধিক হবে না।
- ৯) কোন প্রকল্পের অনুকূলে মঙ্গুরিকৃত ইইএফ সহায়তার সমুদয় অর্থ ছাড়করণ এবং প্রকল্পের বাণিজ্যিক উৎপাদন কার্যক্রম শুরুর পূর্বে চলতি মূলধন খণ্ডের জন্য দাখিলকৃত আবেদনপত্র বিবেচনাযোগ্য হবেনা। এক্ষেত্রে প্রকল্পের অনুকূলে ইস্যুকৃত মঙ্গুরিপত্রের শর্তাবলীর পূর্ণ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ১০) ইইএফ সহায়তাপ্রাপ্তি কোন প্রকল্পের অনুকূলে চলতি মূলধন খণ্ড গ্রহণের অনাপত্তি প্রদান করা হলে প্রকল্প কর্তৃপক্ষ খণ্ড প্রদানকারী সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট উক্ত খণ্ডের বিপরীতে ইইএফ সহায়তা মঙ্গুরিকৃত প্রকল্পের মোট প্রকল্প ব্যয়ের সর্বোচ্চ ৫১% বিনিয়োগকৃত স্থায়ী সম্পদ (ভূমি/ভবন/যন্ত্রপাতি) বন্ধক রাখতে পারবে। এ বন্ধক সংক্রান্ত যাবতীয় দলিলাদির কপি প্রকল্প কর্তৃপক্ষ আইসিবিকে সরবরাহ করবে।
- ১১) যেক্ষেত্রে প্রকল্পের উদ্যোক্তাগণ ইইএফ সহায়তা মঙ্গুরিকৃত প্রকল্পের স্থায়ী সম্পদ ব্যতীত তাঁদের নিজস্ব কোন সম্পদ বন্ধক রেখে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে উক্ত প্রকল্পের অনুকূলে চলতি মূলধন খণ্ড গ্রহণ করতে ইচ্ছুক, সে ক্ষেত্রে উপরিউক্ত ১ হতে ৬ নং ত্রিমিকে বর্ণিত নিয়মাচার অনুসরণপূর্বক আইসিবি অগ্রাধিকার ভিত্তিতে সিদ্ধান্ত প্রদান করবে।
- ১২) এ খণ্ডের জন্য উদ্যোক্তাগণ ব্যক্তিগত গ্যারান্টি প্রদান করবেন এবং ইইএফ কর্তৃপক্ষের কোন দায়-দায়িত্ব থাকবে না।
- ১৩) চলতি মূলধন খণ্ড গ্রহণের অনাপত্তি প্রদানের বিষয়টি প্রকল্পের মেরিট অনুযায়ী কেইস-টু-কেইস ভিত্তিতে বিবেচনা করা হবে।
- এ নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।  
অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত  
(মোঃ সিরাজুল ইসলাম)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০২১২